



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।  
কর্মসংস্থান শাখা  
[www.bmet.gov.bd](http://www.bmet.gov.bd)

স্মারক নং-৪৯.০১.০০০০.০২০.৩১.৮৪৩.২৪ - ৭০৪৫

তারিখ: ২২/২/২০২২খ্রিঃ।

বিষয়: রিক্রুটিং লাইসেন্স মঞ্জুরী প্রসঙ্গে।

০১। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৬/০৫/২০১৯খ্রিঃ তারিখের স্মারক নং-৪৯.০০.০০০০.১০১.১১.০২৭.১৫-৯৪৯ এবং ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখের এসআরও নং-৪০৮-আইন/২০১৯ মোতাবেক লাইসেন্স গ্রহণের জন্য নিম্নলিখিত হারে জামানত ও লাইসেন্স ফি মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা বরাবরে জমা প্রদান করতে হবে :-

১.	লাইসেন্স ফি (ডিজি, বিএমইটি, ঢাকা বরাবরে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে)	৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা
২.	লাইসেন্স ফি'র উপর ভ্যাট (ডিজি, বিএমইটি, ঢাকা বরাবরে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে)	৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা।
৩.	লাইসেন্স এর জামানত: (ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংক হতে ০৩(তিন) বছর মেয়াদী স্থায়ী আমানত: যা ডিজি, বিএমইটি এর নামে লিয়েন করে জমা দিতে হবে।	১৬,০০,০০০/- (ষোল লক্ষ) টাকা।
৪.	(খ) ক্যাশ সিকিউরিটি (ডিজি, বিএমইটি, ঢাকা বরাবরে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে)।	৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা

শর্তাবলী:

- রিক্রুটিং এজেন্টকে আইন ও বিধি অনুযায়ী আচরণ ও কার্যক্রম পরিচালনা করতে হবে;
- লাইসেন্সের প্রত্যেক মেয়াদে রিক্রুটিং এজেন্টকে ন্যূনতম ২০০(দুইশত) জন কর্মী বিদেশে প্রেরণ করতে হবে;
- আইন ও বিধির কার্যকারিতা বা সামগ্রিকভাবে ক্ষুণ্ণ না করে রিক্রুটিং এজেন্টকে, সরকার কর্তৃক আদেশ দ্বারা, নির্ধারিত অন্যান্য শর্ত প্রতিপালন করতে হবে;
- পত্র জারীর ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে অবশ্যই লাইসেন্স সংক্রান্ত ফি ও জামানত বাবদ অর্থ জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ফি এবং জামানত বাবদ অর্থ জমাকরণে ব্যর্থ হলে কোনরূপ নোটিশ প্রদান ব্যতিরেকে লাইসেন্স প্রদানের অনুমোদন বাতিল বলে গণ্য হবে।
- নির্বাচিত কর্মীদের বিদেশে প্রেরণের পূর্বে অবশ্যই প্রশিক্ষিত হতে হবে;
- রিক্রুটিং লাইসেন্স সংক্রান্ত বর্তমানে বলবৎ এবং ভবিষ্যতে সরকার কর্তৃক প্রণীতব্য সকল আইন/অধ্যাদেশ/বিধি/আদেশ পরিপত্র/সাকুলার মেনে চলতে হবে;
- বর্ণিত শর্তাবলী প্রতিপালন, প্রক্রিয়াকরণ/কার্যক্রম গ্রহণ এবং ধার্যকৃত ফি ও জামানত আদায় নিশ্চিতক্রমে লাইসেন্স প্রদান করতে হবে।
- অর্থ আইন-২০২১ মোতাবেক ১১/০৮/২০২১খ্রিঃ তারিখের স্মারকনং- উৎসে কর কর্তন-১/কঃঅঃ-৪/২০২১-২০২২/৪৫৭ অনুযায়ী ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার অস্থায়ী আয়কর এর ট্রেজারী চালান জমা প্রদানের প্রমাণক দাখিল করতে হবে।
- রিক্রুটিং এজেন্ট কর্তৃক দাখিলকৃত অঙ্গীকারনামায় নিম্নোক্ত অনুচ্ছেদ সংযোজন করতে হবে; 'জামানত বাবদ লিয়েন মার্ক করে জমাকৃত এফডিআর এর অর্থ উত্তোলনের সময় আমি মূল অর্থ (Principal Amount) চেক এর মাধ্যমে গ্রহণ করব। এফডিআর এর অবশিষ্ট সুদ ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড আইন, ২০১৮ অনুযায়ী বোর্ডকে প্রদান করা হবে বিধায় উক্ত সুদের বিষয়ে আমার/এজেন্টের কোন দাবী বা আপত্তি থাকবে না। এ প্রকারের দাবী সংশ্লিষ্ট আইন ও বিধানের পরিপন্থি হিসেবে গণ্য হবে।'



০২। এমতাবস্থায়, উপরোল্লিখিত শর্তাবলীর তথ্যাদি দাখিল ও প্রতিপালন সাপেক্ষে পত্র জারীর ৩০ কার্য দিবসের মধ্যে সকল ফি ও জামানত প্রদানপূর্বক রিক্রুটিং লাইসেন্স গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জোহরা মনসুর)

উপপরিচালক (কর্মসংস্থান)

ফোন নং-০২৮৩০০৫৬৪

[zohoramonsur2012@gmail.com](mailto:zohoramonsur2012@gmail.com)

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার  
রিক্রুটিং এজেন্সি ..... *আমি করিম হুসেইন* :  
.....

স্মারক নং-৪৯.০১.০০০০.০২০.৩১.৮৪৫.১৫.-৭০৪৫

তারিখ: ১১/১২/২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (কর্মসংস্থান/প্রশাসন ও অর্থ/বহির্গমন ও প্রটোকল), বিএমইটি, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট সার্ভার, বিএমইটি, ঢাকা (পত্রটি বিএমইটির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ/কর্মসংস্থান অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
- ৭। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
- ৮। কর্মসংস্থান শাখা (হিসাব/পরিসংখ্যান), বিএমইটি, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

(জোহরা মনসুর)

উপপরিচালক (কর্মসংস্থান)

ফোন নং-০২৮৩০০৫৬৪

[zohoramonsur2012@gmail.com](mailto:zohoramonsur2012@gmail.com)